গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১২৯

**বিভাগীয় বইমেলা উপলক্ষে প্রেস কনফারেন্স**
**দরিদ্র পাঠকদের জন্য থাকছে পুরাতন বই বদলের সুযোগ**

রাজশাহী, ১৪ কার্তিক (৩০ অক্টোবর) :

রাজশাহী বিভাগীয় বইমেলা উপলক্ষে প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (৩০ অক্টোবর) বিকালে বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত এই কনফারেন্সে বইমেলা আয়োজন বিষয়ে সাংবাদিকদের ব্রিফ করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার মো. হাবিবুর রহমান।

প্রেস কনফারেন্সে জানানো হয়, আগামী ৩১ অক্টোবর বিকাল ৪টায় বইমেলার উদ্বোধন করা হবে এবং মেলা চলবে ৮ নভেম্বর পর্যন্ত। ছুটির দিন বাদে মেলা চলবে বিকাল ৩টা থেকে রাত ৯ টা পর্যন্ত। আর ছুটির দিনে শুরু হবে বেলা ১১ টায়।

এই মেলায় ১১ টি সরকারি দপ্তর এবং ৭০ টি বেসরকারি প্রকাশনা প্রতিষ্ঠান তাদের প্রকাশিত পুস্তকের প্রদর্শনী ও বিক্রয় করবে। শিশুদের জন্য থাকবে শিশু কর্ণার এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা। এবারের বইমেলাতে বিশাল মূল্যছাড় ছাড়াও থাকছে লেখক ও পাঠক আড্ডা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিষয়ভিত্তিক আলোচনা সভা। এছাড়াও বই কিনতে অসমর্থদের জন্য জাতীয় গ্রন্থকেন্দ্র দেবে বই বদলের সুযোগ। জাতীয় গ্রন্থকেন্দ্রের স্টল থেকে দরিদ্র পাঠকরা তাদের পুরাতন বই বদল করে নতুন বই নিতে পারবে।

........................................................

তৌহিদ/আতিক/স্মিতা/রুহুল/হালিম/২০২৫/১৭.৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd